

## স্বাস্থ্য সনদের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

- ▶ স্বাস্থ্য সনদের জন্য নির্ধারিত আবেদনপত্র কর্তৃপক্ষের সার্টিফিকেশন শাখা বা ওয়েবসাইট ([www.bfsa.gov.bd](http://www.bfsa.gov.bd)) হতে সংগ্রহ করে খাদ্য বিশ্লেষক বরাবর ই-মেইলে ([food.analyst@bfsa.gov.bd](mailto:food.analyst@bfsa.gov.bd)) বা সরাসরি আবেদন করতে হবে।
- ▶ স্বাস্থ্য সনদ ইস্যুর প্রক্রিয়াকরণ ফি বাবদ টাকা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অগ্রণী ব্যাংকের হিসাব নাম্বার- ০২০০০১৪০০০৪১১ এর অনুকূলে জমাপূর্বক মূল কপি।
- ▶ স্বাস্থ্য সনদ ইস্যুর প্রক্রিয়াকরণ ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর-৬, যার কোড- ১-১১৩৩-০০১৫-০৩১১ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক মূল কপি।
- ▶ স্বাস্থ্য সনদ ইস্যুর প্রক্রিয়াকরণ ফি এর উপর ১০% আয়কর (বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নামে) এর টাকা (যার কোড- ১-১১৪৫-০০১০-০১১১ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক মূল কপি।
- ▶ পণ্যের স্বাস্থ্য সনদের জন্য সংশ্লিষ্ট আমদানিকারক দেশের প্যারামিটার/ আমদানিকারকের চাহিদা অনুযায়ী প্যারামিটার/ Codex-এর প্যারামিটার সংক্রান্ত তথ্য।
- ▶ স্বাস্থ্য সনদ-এর জন্য সংশ্লিষ্ট রপ্তানিকারক তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নিম্ন-বর্ণিত অঙ্গিকারনামা দাখিল করবেন। অঙ্গিকারনামার নমুনা পরিশিষ্ট-‘ক’ তে দেয়া হলো।
- ▶ ই আর সি সনদের নবায়িত কপি & Trade License। (Beza এর জন্য Project Clearance)
- ▶ Packing List & Commercial Invoice।
- ▶ আমদানিকারক প্রতিষ্ঠানের সাথে রপ্তানিকারকের সম্পাদিত চুক্তির কপি / PI (Proforma Invoice)

## স্বাস্থ্য সনদের জন্য নির্ধারিত প্রক্রিয়াকরণ ফি

| ক্রমিক<br>নং | এফ ও বি (FOB) মূল্যমান (টাকায়) | আবেদন ফি (টাকায়) |
|--------------|---------------------------------|-------------------|
| ১            | অনুর্ধ্ব ১০ লক্ষ                | ২০০০              |
| ২            | ১০ লক্ষ থেকে ৫০ লক্ষ            | ৩০০০              |
| ৩            | তদুর্ধ্ব ৫০ লক্ষ                | ৫০০০              |

\*স্বাস্থ্য সনদের Re-issue/ Duplicate issue-এর জন্য নির্ধারিত প্রক্রিয়াকরণ ফিঃ ৫০০ টাকা।

## অঙ্গিকারনামা

“আমি ....., সত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স.....  
ঠিকানা ..... এই মর্মে অঙ্গিকার করিতেছি যে, আমার রপ্তানিকৃত পণ্যের বিবরণ  
..... এইচএস কোড ..... , ..... দেশে  
রপ্তানির ক্ষেত্রে আমদানিকারক ..... এবং উক্ত পণ্যের জন্য নির্ধারিত  
প্যারামিটার/আমদানিকারকের চাহিদা অনুযায়ী প্যারামিটার/ Codex-এর প্যারামিটারের আলোকে  
ল্যাবরেটরি হতে প্রয়োজনীয় টেস্ট সম্পন্ন করা হয়েছে যা সঠিক। এ বিষয়ে পরবর্তীতে /পরীক্ষা/যাচাই বাছাইয়ে  
কোন গরমিল/ভুল পরিলক্ষিত হলে রপ্তানিকারক হিসেবে সকল দায়দায়িত্ব আমার/আমার প্রতিষ্ঠানের উপর  
বর্তাবে।”

নামঃ

স্বাক্ষরঃ

তারিখঃ

দাপ্তরিক সিলমোহর